

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

গাজীপুর চৌরাস্তা শাখা, গাজীপুর

অর্থস্বন আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক নিলাম বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স শক্তি ইন্টারন্যাশনাল নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের প্রোপ্রাইটর- মোঃ সারোয়ার জামান সরকার, পিতা-মৃত সরাফত আলী সরকার, মাতা- সাজেদা বেগম, ঠিকানাঃ সাং-রাজাবাড়ী, পোঃ ভাওয়াল রাজাবাড়ী, থানা-জয়দেবপুর, জেলা-গাজীপুর, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, গাজীপুর চৌরাস্তা শাখা হইতে গৃহীত ঋনের জামানত হিসাবে নিম্ন তফসিল ভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান আছে। ঋনগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋন পরিশোধ না করায় বিগত ০৭.০৩.২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋন বাবদ ব্যাংকের পাওনা মোট ২,৩৬,১০,৪৩২.৮০/- (দুই কোটি ছত্রিশ লক্ষ দশ হাজার চারশত বত্রিশ টাকা আশি পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১। জেলা-গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-শ্রীপুর, মৌজা-বাউনি, জে এল নং-৪৬, সি.এস. খতিয়ান নং-২১, এস.এ খতিয়ান নং- ১০০, আর এস নং-৬৯ নামজারী খতিয়ান নং- ১০০/৬৯, সি.এস এবং এস.এ দাগ নম্বর-৭৯, আর.এস দাগ নম্বর- ১১৯৪, মোট জমির পরিমাণ- ১৬৭.৫০ শতাংশ।

২। জেলা-গাজীপুর, থানা-গাজীপুর সদর, সাব-রেজিষ্ট্রি অফিস- ২য় যুগ্ম সাব রেজিষ্ট্রি অফিস, গাজীপুর, মহল নং-৯, জে এল নং-৩৫, মৌজা-ইটাহাটা, সি.এস. খতিয়ান নং-৪৪৭, এস.এ খতিয়ান নং-৬৬৮, আর এস নং-৫০৯ নামজারী খতিয়ান নং- ৬৬৮/৫০৯, দাগ নম্বর সি.এস এবং এস.এ-২২৬৪, আর.এস দাগ নম্বর- ৩১০১, মোট জমির পরিমাণ- ২.০৫ শতাংশ এবং তদুপরিস্থিত ২ তলা ভবন (১৭৬০ বর্গফুট)।

৩। জেলা-গাজীপুর, থানা-শ্রীপুর, সাব-রেজিষ্ট্রি অফিস-শ্রীপুর, মৌজা-দুয়াইবাড়ী, জে এল নং-৪৭, সি.এস. খতিয়ান নং-৪৪, ৩৬, ৩৭, এস.এ খতিয়ান নং-১৩৪, ১০৯, ১১৩ আর এস নং-১৮৭, ১৬০, ৭৮, আর এস নামজারী খতিয়ান নং-১৮৭, ১৬০, ৭৮ কাত, প্লট নং সি.এস এবং এস.এ নং ২৭০, ২৬৯, ২৬৮, ২৭৭, ২৭৯, ২৭১, ২৭৬/৩৩৯, ২৭৬/৩৪১, ৭৮/২৮৮, ৬৮, ৭০, ৭৩, ১৯২, ৭৭, ৭১, ৫৭, ৭৬, আর. এস নং- ১২৯৪, ১২৯৩, ১৩৩১, ১৩১৮, ১২৯৬, ১০৭০, ১৩২৯, ২৫৩, ২৫২, ২৫৪, ১১৫১, ১১৭১, ২৭৪, ২৭৫, ২৭৬, ২৭৭, ২৫১, ২৯২, ২৭৩, মোট জমির পরিমাণ- ১৭২.৫০শতাংশ।

৪। জেলা-গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-শ্রীপুর, মৌজা-রাজাবাড়ী, মহল নং-৯, জে এল নং-৭২, সি.এস. খতিয়ান নং- ১৬২, এস.এ খতিয়ান নং-৩৪২, আর এস নং-৪২৬ নামজারী নথি নং- ৪২৬/কাত, দাগ নম্বর- সি.এস এবং এস.এ নং-১৩৭, আর.এস দাগ নম্বর- ১৪৬, মোট জমির পরিমাণ- ৩.১৮৭৫ শতাংশ এবং তদুপরিস্থিত ২ তলা ভবন (২৭০০ বর্গফুট)।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৩.০৪.২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গাজীপুর চৌরাস্তা শাখায় রক্ষিত বাঞ্ছ সারসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গাজীপুর চৌরাস্তা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গাজীপুর চৌরাস্তা শাখা, গাজীপুর,

